# লালগোলা কলেজ ছাত্র-সংসদ নির্বাচন - ২০১৬-২০১৭

## ভোটার ও প্রার্থীদের প্রতি নির্দেশাবলী

### নির্বাচনের তারিখ ঃ ২৮শে জানুয়ারী, শনিবার ২০১৭

১। উক্ত নির্বাচনের দিন ২৮/০১/২০১৭ তারিখ বেলা ১০:৩০ মিনিট থেকে ১:৩০ মিনিট পর্যন্ত ভোট গ্রহন চলবে। ভোটাররা ১:৩০ মিনিটের মধ্যে নির্দি শ্রেনিকক্ষে (বুথে) প্রবেশ করলেই ভোট দিতে সক্ষম হবে। ১:২০মিনিটে অর্থাৎ ১:৩০ বাজতে ১০ মিনিট আগে ঘন্টা বাজিয়ে Warning দেওয়া হবে এব Final ঘন্টা দেওয়া হবে।

২। বৈধ Identity Cardছাড়া কেউ কলেজ চত্বরে প্রবেশ করতে পারবে না।College Building-এর ২০০ মিটারের মধ্যে কোন অবৈধ ব্যক্তির উপস্থিতি নিষিদ্ধ।

৩। কলেজ বারান্দায় ভোটারদের ঘুরে বেড়ানো চলবে না। ভোট দেবার পর ভোটার কলেজ বিল্ডিং এবং কলেজ চত্বর থেকে সোজা বেরিয়ে যাবে।

৪। ভোটারদের নির্দিষ্ট শ্রেণীকক্ষ (বুথ) জানবার জন্য গেট সংলগ্ন জায়গায় বিজ্ঞপ্তি থাকবে।

৫। যদি Tie হয় সেক্ষেত্রে "Toss" করে বিজয়ী নির্বাচিত হবে।

৬। পূণর্গননার আবেদনের জন্য ৩০ মিনিট সময় ধার্য্য থাকবে। তার মধ্যে নির্দিষ্ট কারণ দর্শিয়ে ১০০ টাকা জমা দিয়ে আবেদন করতে হবে। এক্ষেত্রে Returning Officer এর সিদ্ধান্ত চূড়ান্ত।

৭। অন্যান্য Office-Bearer নির্বাচন (AGS এবং বিভিন্ন Sub Committee-এর Secretary) ০৩/০২/২০১৭ তারিখ বেলা ১:০০ ট অনুষ্ঠিত হবে।

৮। নির্বাচনের দিন নির্বাচন সংক্রান্ত কাজ ব্যতিত অন্য কোন কাজ কলেজ অফিসে হবে না। এজন্য অন্য বাইরের কোন ব্যক্তির ঐ দিন প্রবেশাধিকার থাকবে না।

৯। মনোনয়ন পত্র প্রার্থী নিজে অথবা তার Proposer বা Seconder জমা দিতে পারবে, কিন্তু ঐ তিন জনের মধ্যে একজনকেই ঐ দিন কলেজে ঢোকার অনুমতি দেওয়া হবে। Identity Card ছাড়া কেউই ভেতরে ঢুকতে পারবে না। যে মনোনয়ন পত্র জমা দিতে আসবে, তাকে Candidate Identity Card সঙ্গে আনতে হবে।

১০। মনোনয়ন প্রার্থী,, তার Proposer এবং Seconder এর নাম অবশ্যই Final Voter List এ থাকতে হবে।

১১। মনোনয়ন পত্রের Proposer অথবা Seconder যে কোন ক্লাসের হতে পারে এবং তারা যত জনের খুশি Proposer অথবা Seconder হতে পারে।

১২। মনোনয়ন পত্র Withdrawal এর দিন অবশ্যই প্রার্থীকে সশরীরে Identity Card সহ আসতে হবে নতুবা তার নাম প্রত্যাহার করা হবে না।

১৩। পূণর্গননার ক্ষেত্রে বাতিল হওয়া ব্যালট পেপার পুনরায় গননার জন্য বিবেচিত হবে না।

১৪। ভোটারদের কলেজ (বিল্ডিং) গেটে Identity Card দেখিয়ে প্রবেশ করতে হবে। এছাড়াও যেকোন জায়গায় Identity Card দেখতে চাওয়া হলে ভোটার অবশ্যই তা দেখাতে বাধ্য থাকবে।

১৫। ভোট গ্রহন ও গননা শেষ না হওয়া পর্যন্ত কোন প্রার্থী, Polling Agent এবং Counting Agent College Building -এর বাইরে যাতায়াত করতে পারবে না।

১৬। ভোট দেবার সময় ভোটারকে নির্দিষ্ট কাগজে স্বাক্ষর করতে হবে।

১৭। ভোট দেবার জন্য ব্যালট পেপার নিয়ে নির্দিষ্ট Compartment-এ গিয়ে Polling Officer প্রদত্ত Cross Arrow Stamp ব্যবহার করে তার পছন্দের প্রার্থীকে (নির্দিষ্ট সংখ্যক) ভোট দিয়ে ব্যালট পেপার ভাঁজ করে নিয়ে এসে Presiding Officer-এর সম্মুখস্থ Ballot Box এ ফেলবে এবং সঙ্গে সঙ্গে বেরিয়ে যাবে।

১৮। ভোটার তার নির্দিষ্ট শ্রেনিতে যত সংখ্যক সিট আছে, তত সংখ্যক তার পছন্দের প্রার্থীদের ভোট দিতে পারবে।

১৯। যদি নির্দ্ধারিত সিটের সংখ্যার বেশি ভোট দেওয়া হয়, তাহলে ব্যালট পেপার বাতিল হবে। ভোটের সংখ্যা যদি কম হয়, ব্যালট পেপার অবৈধ হবে না।

২০। প্রথম, দ্বিতীয় ও তৃতীয় বর্ষে Class Representative(CR) আসন গুলির মধ্যে একটি আসন মহিলাদের জন্য সংরক্ষিত। বাকি আসনগুলি অসংরক্ষিত। ভোটার বা প্রার্থী নির্বাচনের সময় এ বিষয়ে সতর্ক থাকবে। অসংরক্ষিত বা সংরক্ষিত আসনের সর্বোচ্চ সীমার বেশি ভোট পড়লে, সেই অংশের ভোটগুলি বাতিল হবে।

২১। কোনো ভোটারের যোগ্যতা নিয়ে প্রশ্ন উঠলে Presiding Officer-এর সিদ্ধান্ত চূড়ান্ত হবে।

২২। Candidate Identity Card এবং Agent Identity Card ২৫/১/২০১৭ তারিখ বেলা ১২.০০ থেকে ২.০০ টার মধ্যে অফিস থেকে সংগ্রহ করবে এবং ভোট শুরু হওয়ার ১৫ মিনিট আগে Booth-এ P.O কে দেখাতে হবে।

২৩। কলেজ চত্বরে, বারান্দায়, শ্রেণীকক্ষের মধ্যে কোনরূপ প্রচারমূলক কথাবার্তা বা আলোচনা চলবে না। ৪৮ ঘন্টা পূর্ব থেকে সকলপ্রকার প্রচার বন্ধ থাকবে।

২৪। নির্বাচন চলাকালে Polling Agent এবং গণনার সময় Counting Agent উপস্থিত থাকবে। P.O-এর নির্দেশ মতো তাদের Ballot Box-এর উপর এবং পরে Counting Sheet এ সই করতে হবে।

২৫। Polling Agent বা Counting Agent, যে বুথের জন্য নিযুক্ত সেই নির্দিষ্ট বুথে (Room) ছাড়া অন্য কোন বুথে যেতে পারবে না এবং কোন ছাত্র সংগঠনের থেকে Agent ও Candidate মিলিয়ে তিনজনের বেশী কোন নির্বাচনী বুথে উপস্থিত থাকতে পারবে না।

২৬। বুথে উপস্থিত কোন প্রার্থী Candidate Badge লাগিয়ে থাকতে পারবে না । সে বুথের মধ্যে থাকলে Agent Badge পরে থাকবে । প্রার্থীরা কলেজ ক্যাম্পাসের মধ্যে একটি ছাউনিতে অথবা Agent হিসাবে নির্দিষ্ট বুথে বসে থাকবে ।

২৭। ভোট চলাকালীন অথবা গণনার সময় প্রতি ছাত্র-সংগঠনের থেকে G.S. অথবা V.P. প্রার্থীর মধ্যে কেউ একজন সব ঘরে ঘুরে ঘুরে ভোট বা গণনা প্রক্রিয়া দেখতে পারবে এবং সত্ত্বর সেই ঘর ত্যাগ করবে ।

২৮। ভোটের দিন কোনো প্রার্থী বা ভোটার মোবাইল ফোন নিয়ে কলেজ ক্যাম্পাসে থাকতে পারবে না ।

২৯। সব ঘরে ভোট গ্রহন পর্ব শেষ হবার পর আধ ঘন্টার বিরতি থাকবে । তার পর সব ঘরে একসঙ্গে ভোট গণনা শুরু হবে ।

৩০। নির্বাচন সংক্রান্ত অন্যান্য নিয়মাবলী মাননীয় মহকুমা শাসক, লালবাগের বিধি অনুসরন করতে হবে।

৩১। ভোটার ভোট দেবার পর Polling Officer ভোটারের বা হাতের তর্জনিতে কালি লাগিয়ে দেবেন।

৩২। এবার Ballot Paper- এ NOTA Option থাকছে। NOTA য় ভোট দিয়ে অন্য কোন প্রার্থীকে ভোট দিলে Bllot Paper বাতিল হবে।

৩৩। <u>নিম্নরূপ ক্ষেত্রে ব্যালট পেপার বাতিলযোগ্য হবে ঃ</u>

ক) যদি দুটি নামের মাঝখানে এমনভাবে ছাপ পড়ে যাতে কোন প্রার্থীকে ভোট দেওয়া হয়েছে বোঝা না যায় ।
খ) নিদ্ধারিত Rubber Stamp (Cross Arrow Mark) ছাড়া অন্য কিছু দিয়ে Cross অথবা ছাপ দিলে ।
গ) যদি কোন চিহ্নই না থাকে ।
ঘ) যদি P.O. -এর স্বাক্ষর ব্যালট পেপারে না থাকে ।
ঙ) যদি ভোটার তার নাম বা অন্য কোন চিহ্ন ব্যালট পেপারে দেয় ।
চ) যদি নির্ধারিত আসন সংখ্যার বেশী কেউ ভোট দেয় ।

৩৪। *<u>নিম্নরূপ ক্ষেত্রে ব্যালট পেপার বাতিলযোগ্য হবে না ঃ</u>*

ক) যদি ছাপ নামের ঘরে পরে ।
খ) যদি প্রার্থীর নামের ঘরে একাধিক ছাপ থাকে ।

এছাড়াও P.O. অন্যান্য নিয়মাবলী প্রয়োজনে জানাতে পারেন ।

৩৫। *<u>মাননীয় জেলাশাসক, মুর্শিদাবাদ প্রদত্ত বিশেষ নির্বাচন বিধি ঃ</u>*

ক) নির্বাচনের দিন কলেজ চত্তরের ২০০ মিটারের মধ্যে ১৪৪ দারা জারি থাকবে। সাইকেল বা অন্যান্য জানবাহন নিয়ে বহিরাগতরা প্রবেশ করতে পারে না।
খ) ঐ এলাকায় কোন দলের পোষ্টার, ব্যানার ইত্যাদি টাঙানো যাবে না। থাকলে তা ইতিমধ্যে তা খুলে ফেলতে হবে।
গ) মহকুমা শাসকের অনুমতি নিয়ে কেবলমাত্র ভোটের সঙ্গে জড়িত কর্মীরাই মোবাইল ফোন ব্যবহার করতে পারবে।
ঘ) ভোটাররা ব্যাগে বোতল এবং ঐ জাতীয় কিছু নিয়ে কলেজে প্রবেশ করতে পারবে না।
ঙ) মানতে হবে কলেজের নিজস্ব নির্বাচন বিধি।
চ) দলের শিবির করতে হবে কলেজ চত্তরের ২০০ মিটারের বাইরে। সেখানে তাকতে পাআরবে কেবল বর্তমান ছাত্ররা, তাও ৪ জনের বেশি নয়।

S. Chakraborty 18.1.17
সোমনাথ চক্রবর্তী
ভারপ্রাপ্ত অধ্যক্ষ

Teacher-In-Charge
Lalgola College
Lalgola, Murshidabad